বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০।

ফোনঃ ৯৫৫০৫০৫
পিএবিএক্সঃ ৯৫৬০০২১-২৫
৯৫৬০০৩১-৩৫/২২৯
email: dgmicd@krishibank.org.bd

অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ

প্রকাঃঅনিবি- প্রশা- ৪৯/২০১৬- ২০১৭/ ৯১৬(১২৫০)

তারিখঃ ১২- ০৪- ২০১৭খ্রিঃ

০১। সকল মহাব্যবস্থাপক
বিভাগীয় কার্যালয়
০২। মহাব্যবস্থাপক
স্থানীয় মুখ্য কার্যালয়
০৩। সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক
মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়
০৪। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা
আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয়ঃ বিগত ০২- ০৪- ২০১৭ তারিখে BKB Risk Management Unit এর ফেব্রুয়ারী/২০১৭ মাসে অনুষ্ঠিত ৮ম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন- বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত 'ইউনিফর্ম একাউন্ট ওপেনিং ফরম' পূরণ যাতে যথাযথভাবে পরিপালিত হয় সে প্রসংগে।

প্রিয় মহোদয়,

বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়ের Risk Management Unit কমিটির ফেব্রুয়ারী/২০১৭ মাসে ২০১৬- ২০১৭ অর্থবছরের ৮ম সভা বিগত ০২- ০৪- ২০১৭ তারিখে ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক- ২ মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় জানুয়ারী/২০১৭ সময়কালে ব্যাংকে Risk Management সম্পর্কিত কার্যাবলী এবং বর্তমান অবস্থার প্রেক্ষিতে প্রধান কার্যালয়ের Core Risk সংশ্লিষ্ট বিভিন্ন বিভাগ কর্তৃক উপস্থাপিত ঝুঁকি সমুহ পর্যালোচনা করা হয়।

০২। উল্লেখ্য শাখার বিভিন্ন আমানত হিসাব খোলার ফরম যথাযথভাবে পূরন না হওয়ার অভিযোগের প্রেক্ষিতে কমিটি নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করেঃ

'ইতিমধ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত 'ইউনিফর্ম একাউন্ট ওপেনিং ফরম' পুরন যাতে যথাযথভাবে পরিপালিত হয় সে বিষয়ে মনিটরিং ব্যবস্থা জোরদার করা যেতে পারে। এছাড়া হিসাব খোলার ফরম এর কেওয়াইসি অংশে তথ্যাদি যাতে সঠিকভাবে উপস্থাপিত এবং যাচাই বাছাই হয় সে বিষয়ে সজাগ থাকার জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা যেতে পারে। এ ক্ষেত্রে শাখা পরিদর্শনকালে ফরমের কেওয়াইসি অংশে কোন ধরনের অসম্পুর্নতা পরিলক্ষিত হলে সে ক্ষেত্রে অকুস্থলে সংশোধন করার ব্যবস্থা নেয়ার জন্য আঞ্চলিক নিরীক্ষা দলকে প্রয়োজনীয় পরামর্শ দেয়া যেতে পারে।'

০৩। এমতাবস্থায় রিস্ক ম্যানেজমেন্ট কমিটি প্রদত্ত উপরোক্ত সিদ্ধান্ত যথাযথভাবে পরিপালন ও বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট কার্যালয়কে প্রয়োজনী নির্দেশনা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

০৪। বিষয়টি অতীব জরুরী।

আপনার বিশ্বস্ত,

১২/০৪/১৭

(মোঃ আব্দুল লতিফ)
উপমহাব্যবস্থাপক

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক- ১ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, নিরীক্ষা ও অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ মহাবিভাগ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। উপমহাব্যবস্থাপক, প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ- ২ বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫। উপমহাব্যবস্থাপক,আইসিটি সিস্টেমস্ বিভাগ, বিকেবি, প্রকা ঢাকাকে পত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৬। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।